

নববর্ষে চেয়ারম্যান মহোদয়ের বার্তা

সময়ের চিরায়ত আবর্তে খ্রিষ্টীয় ২০২২ আজ অতীত; সমাগত ২০২৩। নতুন স্বপ্ন আর অপার সম্ভাবনায় ভরে উঠুক ২০২৩। কল্যাণ, সৃষ্টি, প্রাচুর্য, অর্জন, সুখ, শান্তিতে সমৃদ্ধ হোক সবার প্রতিটি ক্ষণ। নব আনন্দে, নতুন প্রাণের স্পন্দনে উজ্জীবিত হোক সবাই। আসুন সমবেত উচ্চারণে স্বাগতম জানাই ২০২৩ সালকে।

বিদ্যুৎ খাতে অর্জন দিয়ে শুরু আর চ্যালেঞ্জের মধ্য দিয়ে শেষ হলো ২০২২ সাল। ২০২২ সালের প্রাপ্তির খাতায় রয়েছে মুজিব শতবর্ষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শতভাগ বিদ্যুতায়নের ঘোষণা, দেশের আর্থ সামাজিক উন্নয়নে প্রত্যক্ষ অবদানের স্বীকৃতিস্বরূপ বিদ্যুৎ বিভাগের ‘স্বাধীনতা পুরস্কার ২০২২’ এবং ‘ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২’ অর্জন। এছাড়া গত ৩১ মে তারিখে বিদ্যুৎ খাতের প্রাচীনতম ও প্রধান প্রতিষ্ঠান বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ৫০ বছর পূর্ণ করেছে। এখন আমাদের সকলের গুরুদায়িত্ব হচ্ছে এই সাফল্যমণ্ডিত অর্জন সমুন্নত রেখে সামনে এগিয়ে চলা।

গত বছরের মাচেরেই শতভাগ বিদ্যুতায়নের মাইলফলকে পৌঁছে যায় দেশ। তবে বৈশ্বিক যুদ্ধ পরিস্থিতি এবং করোনা অতিমারীর প্রকোপে দেশের বিদ্যুৎ খাতে কিছুটা নেতিবাচক প্রভাব পড়ে। এই প্রেক্ষাপটে সাশ্রয়ী হওয়াসহ বিভিন্ন নীতিগত পরিবর্তন আসে যা প্রতিপালন করে আমাদের এগুতে হবে।

পুরাতনকে বিদায় দিয়ে নতুনকে আবাহন করা মানুষের সহজাত ধর্ম। অতীতের সফলতা-ব্যর্থতার ওপর দাঁড়িয়ে ভবিষ্যৎ বিদ্যুৎ খাত বিনির্মাণের জন্য এখন দৃষ্ট পায়ে এগিয়ে যেতে হবে। নতুন বছরে বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থাপনা, নবায়নযোগ্য জ্বালানীসহ চলমান বিভিন্ন বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়ন, বিদ্যুৎ বিতরণ এবং সিঙ্গেল বায়ারের দায়িত্ব কাঁধে নিয়ে বিউবোর প্রতিটি কর্মীকে নিষ্ঠার সাথে তাদের উপর অর্পিত দায়িত্ব পালনের পাশাপাশি বিউবোকে বিশ্বমানের প্রতিষ্ঠান হিসেবে দাঁড় করানোর জন্য চিন্তার পরিধিকে আরও বিস্তৃত করে নতুন উদ্যমে এগিয়ে যেতে হবে।

বৈশ্বিক অর্থনৈতিক মন্দা, করোনা অতিমারীসহ নানা বিপরীতমুখী চ্যালেঞ্জ আমাদের সামনে রয়েছে। আমি বিশ্বাস করি— লক্ষ্য স্থির রেখে একনিষ্ঠ পরিশ্রমে সাফল্য অর্জন অনিবার্য। বিউবোর অভিজ্ঞ প্রকৌশলীসহ সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ নিজেদের অভিজ্ঞতা আর উদ্ভাবনী কৌশল ও সৃজনশীলতাকে কাজে লাগিয়ে আমাদের এই প্রতিষ্ঠানকে উত্তরোত্তর সামনে এগিয়ে নিয়ে যাবেন এটাই আমার দৃঢ় বিশ্বাস।

আমি আপনাদের সকলের ব্যক্তিগত ও পারিবারিক মঙ্গল, সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি।

জয় বাংলা। বাংলাদেশ চিরজীবী হোক।